# ভ্রমনের আগে আমার কি করনিয়?

আপনার কোনো অভিবাসন মামলা থেকে থাকলে, কখনো গেপ্তার হয়ে থাকলে, অথবা আইন প্রয়োগকারী সংস্থার নজরদারীতে থেকে থাকলে, ভ্রমনের আগে অবশ্যই একজন আইনজীবির সঙ্গে কথা বলুন। CLEAR-এর সঙ্গে বিনা পারিশ্রমিকে পরামর্শ করতে পারেন, যদি আপনার আন্তর্জাতিক বা অভ্যন্তরীন ভ্রমনের ব্যাপারে কোনো প্রশ্ন বা সন্দেহ থেকে থাকে।

**সাথে কি আনবেন:** মনে রাখবেন আপনার দেহে অথবা আপনার লাগেজে যাকিছু আছে, বিমান বন্দর কর্মচারী তা তল্লাসী করতে পারে।

**প্রয়োজনিয় কি কাগজপত্র সঙ্গে রাখবেন:**

* যদি অভ্যন্তরীন ভ্রমন করেন, তবে ভ্রমনকারীকে অবশ্যই সরকার কতৃক ইস্যুকৃত পরিচয়পত্র, যেমন ড্রাইভিং লাইসেন্স দেখাতে হবে।

* যদি বর্হিবিশ্বে ভ্রমন করেন, যুক্তরাষ্ট্রের নাগরিক বা অনাগরিক অবশ্যই বৈধ পাসপোর্ট সঙ্গে রাখবেন।

* অ-নাগরিক অবশ্যই তাদের গ্রীনকার্ড, ভিসার কাগজপত্র, যেমন I-94 বা I-20 সঙ্গে রাখবেন।

* আমাদের পরামর্শ, আপনার ভ্রমন সূচীর একটি কপি এবং আপনার জরুরী যোগাযোগের তথ্যাদি সঙ্গে রাখুন।

**সঙ্গে রাখা লাগেজ এবং চেকইন লাগেজে কি বহন করবেন:**

* চেকইন লাগেজ এবং সঙ্গে রাখা লাগেজে কি কি বহন করতে পারেন তা জানতে বিমান কোম্পানীর ওয়েবসাইট পরিদর্শন করুন।

* শুধু প্রয়োজনীয় জিনিসপত্র বহন করুন তবে বিমান বন্দর কতৃপক্ষের প্রশ্নের মুখোমুখী হতে প্রস্তুত থাকুন। তারা যদি মনে করে আপনি অতিরিক্ত জিনিস, বা অল্প জিনিস নিচ্ছেন, তবে তারা প্রশ্ন করতে পারে।

* আপনি যদি ১০,০০০ ডলারের বেশী বহন করেন, তবে সবসময় কাষ্টমস অফিসারকে জানিয়ে দিন। কম অর্থ নিয়ে ভ্রমন করাই ভালো।

# ভ্রমনের সময় আমি কি প্রত্যাশা করতে পারি?

**প্রশ্ন করা:** বিমান বন্দর কর্মচারী আপনার পরিচয়, অভিবাসন স্ট্যাটাস, গন্তব্যস্থল জানতে চাইতে পারে, সে ক্ষমতা তাদের আছে। আপনি এসব প্রশ্নের যথাযথ উত্তর দেবেন, কিন্তু কোনো বাড়তি তথ্য দেবার দরকার নাই।
বিমান বন্দর কর্মকর্তা আপনাকে আপনার ধর্ম বা রাজনৈতিক মতাদর্শ সম্পর্কে প্রশ্ন করতে চেষ্টা করতে পারে, অথবা কোনো ব্যাক্তি বিশেষকে চেনেন কিনা, জানতে চাইতে পারে। এসব প্রশ্ন উপযুক্ত নয় এবং তাদের এখতিয়ারের বাইরে। এসব প্রশ্নের জবাব আপনি এই বলে প্রত্যাখান করতে পারেন যে, "আমার ধর্ম, বা রাজনৈতিক বিশ্বাস, বা কাকে চিনি সে বিষয়ে কথা বলতে আমি সাচ্ছন্দ বোধ করি না।" যদি কর্মচারী এসব প্রশ্নের জবাব দিতে জোড়াজুড়ি করে, তবে আপনার আইনজীবির সঙ্গে কথা বলার অনুমতি চান। বিনা খরচে আইনগত প্রতিনিধি বা কারো সঙ্গে যোগাযোগ স্থাপনের শুপারিশের জন্য, CLEAR-এর সঙ্গে যোগাযোগ করুন।

**তল্লাসী:** বিমান বন্দর কর্মচারী আপনার জিনসপত্র, এবং আপনার দেহ, তল্লাসী করার ক্ষমতা রাখে। এই তল্লাসী যেন শালীনতার সীমা লজ্ঘন না করে সে ব্যাপারে পদক্ষেপ নিতে পারেন। কর্মকর্তারা যখন আপনার জিনিসপত্র বা দেহ তল্লাসী করবে, আপনি নিজ উদ্যোগে কোনো তথ্য দেবেন না। যিনি তল্লাসী করছেন সে ব্যাপারে সাবধানে নোট লিখে রাখুন এবং আপনার চোখের সামনে থেকে যদি কোনো জিনিস সরিয়ে নেয়া হয়, তা লিখে রাখুন। কর্মকর্তার নাম, কোন সংস্থার প্রতিনিধি, ও ব্যাজ নম্বর এবং আইডেন্টি ফিকেশন জিজ্ঞাসা করুন এবং তা লিখে রাখুন।

**আপনার জিনিসপত্র তল্লাসী:**

* বিমান বন্দর কর্মকর্তাকে বলুন আপনার ব্যাগ যেন আপনার সামনে তল্লাসী করে।

* যদি কোনো কর্মকর্তা কোনো জিনিস নিয়ে নেয়, তার জন্য রশিদ চেয়ে নিন এবং কর্মকর্তার নাম লিখে রাখুন।

* যদি কোনো কর্মকর্তা আপনার কোনো যন্ত্রের কোনো অনুলিপি নেয় বা স্ক্যান করে, তবে তার রশিদ চেয়ে নিন এবং কর্মকর্তার নাম, সেই দিনের তারিখ ও স্থান লিখে রাখুন।

**আপনার দেহ তল্লাসী:**

* নিরাপত্তার জন্য প্রতিটি যাত্রীকে একটি গতবাধা তল্লাসীর ভিতর দিয়ে যেতে হবে।

* যদি বিমান বন্দরে পূর্ণদেহ তল্লাসীর স্ক্যানার থেকে থাকে তবে আপনি তার ভিতর দিয়ে যেতে পারেন অথবা সমলিঙ্গের অফিসার আপনার দেহে হাত দিয়ে তল্লাসী করার ব্যাবস্থা বেছে নিতে পারেন। আপনার দেহ তল্লাসী যাতে আড়ালে হয় তার জন্য অনুরোধ করতে পারেন। আর যদি পূর্নদেহ স্ক্যান করার অনুমতি দেন, তবে একজন সম লিঙ্গের কর্মকর্তা যেন দেখেন, তা চাইবার অধিকার আপনার আছে।

* আপনি যদি আড়ালে তল্লাসী বেছে নিয়ে থাকেন, তবে আপনার পরিবারের কেউ অথবা আপনার কোনো বন্ধুকে সঙ্গে নেয়ার জন্য জিজ্ঞাসা করুন।

* যদি আপনার ধর্মীয় পোষাক খুলতে বলা হয়, যেমন হিজাব, কর্মকর্তাকে বলুন তার তল্লাসীর যন্ত্র (wand) দিয়ে দূরত্ব বজায় রেখে তল্লাসী করতে। তবুও যদি তারা আপনাকে হিজাব খোলার জন্য বাধ্য করে, তবে কেবল সমলিঙ্গের কারো সামনে, আড়ালে খুলতে চাওয়ার অধিকার আপনার আছে।

* আপনাকে আরেকটি বার অতিরিক্ত তল্লাসীর জন্য নির্বাচন করা হতে পারে।

* বিমান বন্দরের নিয়মিত তল্লাসীর আওতায় কোনো কর্মকর্তা আপনাকে নগ্ন করে তল্লাসী করতে পারে না।

# যদি আমি মনে করি আমাকে অসঙ্গত ভাবে প্রশ্ন করা হয়েছে, বা তল্লাসী করা হয়েছে, সে ক্ষেত্রে কি করনীয়?

* তল্লাসীর পূর্ণ বিবরন, যতটা মনে করতে পারবেন, যে কর্মকর্তা তল্লাসীর সঙ্গে যুক্ত তার নাম ও অন্যান্য সনাক্তকারী তথ্য লিখে রাখুন। কোন জিনিস নিয়ে নিলে তার রশিদ, এবং সাক্ষীর নাম লিখে রাখুন।

* CLEAR-কে ফোন করুন। আমরা আপনার বিকল্প উপায়গুলো বিবেচনা করতে সাহায্য করব।

* আপনাকে যদি অসমীচীন ভাবে প্রশ্ন, তল্লাসী বা আটক করা হয় অথবা বিমানে আরোহন করতে না দেয়া হয় বা আপনার ধর্ম, বর্ন বা জাতীয়তার কারনে আপনাকে নিগৃহিত কারাহয়, তবে আপনি হোমল্যান্ড সিকিউরিটির ভ্রমনকারীর স্বার্থ রক্ষা প্রকল্পে (Travelars Redress Inquiry Program) অভিযোগ করতে পারেন।

o আপনি অনলাইনে অভিযোগ করতে পারেন http:/www.dhs.gov

০ আপনি TRIP-এ ইমেইল করতে পারেন
trip@dhs.gov

০ আপনার যদি যাত্রা সংক্রান্ত কোনো প্রশ্ন থাকে অথবা যাত্রা সংক্রান্ত অভিযোগ করার জন্য সহযোগিতা চান। তবে CLEAR-এর সঙ্গে যোগাযোগ করুন।

## অনুসন্ধান তালিকা

যুক্তরাষ্ট্র সরকারের অন্তত দুটি অনুসন্ধান তালিকা আছে। No-fly-তালিকা এবং Selectee-তালিকা। যদিও এই তালিকাগুলোর বৈধতা নিয়ে আদালতে আপত্তি উঠেছে। আপনি যদি No-fly-তালিকায় থাকেন তবে আপনি বোর্ডিং পাশ পাবেন না এবং উড়ো জাহাজে আরোহন করতে পারবেন না। আপনি যদি Selectee- তালিকায় থেকে থাকেন, আপনি উড়োজাহাজে ভ্রমন করতে পারবেন, তবে আপনাকে অতিরিক্ত নিরাপত্তা তল্লাসী করা হবে।

আপনাকে যদি কোনো বিমান কতৃপক্ষ বলে যে আপনি তালিকায় আছেন তবে শান্ত থাকুন এবং ব্যাখ্যা দাবী করুন। কোনো অতিরিক্ত প্রশ্নের জবাব দেবেন না। যদি FBI বা অন্য কোনো আইন প্রয়োগকারী সংস্থার লোক আপনার সঙ্গে কথা বলতে চায়, তবে বিনীত ভাবে বলুন, "আমি এখন আপনার প্রশ্নের জবাব দিতে চাই না"। তবু যদি তারা পিড়াপিড়ি করে তবে বলুন, আগে আপনার আইনজীবি সাথে কথা বলবেন। CLEAR-এর সঙ্গে যোগাযোগ করুন।
* আপনি যদি দুটি তালিকার যেকোনো একটিতে থাকেন তবে CLEAR-এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আপনার বিকল্প উপায়গুলোর ব্যাপারে সাহায্য করতে পারি এবং বিনা পারিশ্রমিকেTRIP-এ অভিযোগ করার জন্য সাহায্য করতে পারি।

## অভিবাসন সংক্রান্ত

আপনি যদি গ্রীনকার্ডধারী হয়ে থাকেন তবে আপনাকে বছরে আন্তত ১৮০ দিন (ছয় মাস) যুক্তরাষ্ট্রের ভিতরে থাকতে হবে। আপনি যদি দেশের বাইরে যান তবে আপনাকে ১৮০ দিনের মধ্যে ফিরে আসতে হবে। আপনি যদি মনে করেন আপনি ছয় মাসের বেশী সময় দেশের বাইরে থাকবেন তবে আপনাকে হয়ত পূনঃপ্রবেশের জন্য আবেদন করতে হবে।

কাগজ-পত্রহীন ব্যাক্তি বা যার অভিবাসন অবস্থার মেয়াদ ফুরিয়ে গেছে তেমন লোক যদি অভ্যন্তরীন ভ্রমনও করতে যান তবে অভিবাসন কর্মকর্তা আটকাবার অধিকার রাখে। যদি এমন কিছু ঘটে, কোনো প্রশ্নের জবাব দেবেন না। শুধু নাম বলতে পারেন এবং আপনার আইনজীবির সঙ্গে যোগাযোগ করুন। যদি আপনার অভিবাসন মামলা চলতে থাকে, তবে ভ্রমনের সময় পরবর্তী শুনানীর বিজ্ঞপ্তির একটি অনুলিপি সাথে রাখুন।

## আইনগত সাহায্যের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন

যদি আইনগত সাহায্য, পরামর্শ বা সুপারিশ প্রয়োজন হয়, CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আইন প্রয়োগকারী সংস্থার লোকের প্রশ্ন বা তদন্তের ব্যাপারে এবং গ্র্যান্ড জুরি সাবপিনা মামলা, দানদক্ষিনা, ভ্রমন সহ অনেক বিষয়ে ব্যাক্তি বিশেষের প্রতিনিধিত্ব করি, এবং পরামর্শ দিয়ে থাকি। আমরা বিনা পারিশ্রমিকে কাজ করে থাকি।

## সচেতনতা বৃদ্ধি করুন

এ প্রসঙ্গে আপনার মসজিদ বা কমিউনিটি সেন্টারে CLEAR-এর সহযোগিতায় বিনা খরচে কর্মশালা আয়োজন করুন।

# আপনার অধিকার জেনে নিন

## মুসমানদের ক্ষেত্রে উড়োজাহাজে ভ্রমন

৯/১১ পরবর্তী সময়ে মুসলমান, আরব ও দক্ষিন এশিয় মানুষদের পক্ষে উড়োজাহাজে ভ্রমন একটি মানসিক ও শারিরীক অশান্তিপূর্ণ অভিজ্ঞতা হয়ে দাঁড়িয়েছে। এই পুস্তিকা আপনার ভ্রমন কালের অধিকার সম্পর্কে তথ্য দেবে এবং কি করলে আপনার ভ্রমন অভিজ্ঞতা কম পিড়াদায়ক হবে সে বিষয়ে পরামর্শ দেবে।

CLEAR

CREATING
LAW
ENFORCEMENT
ACCOUNTABILITY &
RESPONSIBILITY

**CLEAR SERVICES ARE PROVIDED FREE OF CHARGE.**
For more information, or to request support:

(718) 340-4558 | cunyclear@ law.cuny.edu
www. cunyclear.org

CUNY SCHOOL OF LAW
MAIN STREET LEGAL SERVICES

Bangla - Travel